



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নম্বর : ৮০.০০.০০০০.১০৭.১১.০১৭.২০১৯(অংশ-১)- ২৮৩

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৮
২৬ এপ্রিল ২০২১

বিষয় : স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের “মিডওয়াইফ” [১০ম গ্রেড] পদের ২০.০৩.২০২১ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের BPS Form-5A [Applicant's copy] সহ কাগজপত্র/তথ্যাদি জমা প্রদান।

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মিডওয়াইফ [১০ম গ্রেড] পদের ২০.০৩.২০২১ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্য বিধি আবেশিকভাবে অনুসরণ করে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদির ২ (দুই) সেট আগামী ২৯.০৪.২০২১ তারিখ থেকে ০২.০৫.২০২১ তারিখ পর্যন্ত সাপ্তাহিক বন্ধসহ প্রতিদিন সকাল ১০.০০টা হতে বেলা ১.০০টা পর্যন্ত পরিচালক (ইউনিট-৭), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর সরাসরি অথবা প্রতিনিধির মাধ্যমে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো :

- ক. সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি;
- খ. BPS Form-5A [Applicant's copy];
- গ. সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত ফটোকপি।
- ঘ. সরকারি/আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত কপি;
- ঙ. বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত কপি;
- চ. আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি;
- ছ. বাছাই/লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি;
- জ. ০৩ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত রঞ্জন ছবি;
- ঝ. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধার বয়সের প্রমাণক/ডকুমেন্টস (প্রযোজ্য ক্ষেত্রে);
- ঞ. প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারীকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ট. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
- ঠ. নাগরিকত্বের সনদের সত্যায়িত কপি।

২. আগামী ২৯.০৪.২০২১ তারিখ হতে ০২.০৫.২০২১ তারিখের মধ্যে কোনো প্রার্থী BPS Form-5A [Applicant's copy] সহ প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি জমা দিতে ব্যর্থ হলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।


২৬/৪/২০২১

[মোঃ নজরুল ইসলাম]
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
[যুগ্মসচিব]